23 OCT 2016

দৈনিক ইত্তেফাক

# 'অনুমোদনহীন শিক্ষক নিয়োগ দিয়ে দফায় দফায় ছাত্র বেতন বৃদ্ধি'

## আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ

■ ইত্তেফাক রিপোর্ট

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে অনুমোদন ছাড়া অতিরিক্ত শিক্ষক নিয়োগ দিয়ে বাজেটে ঘাটতি সৃষ্টি হয়েছে। এ কারণে বিভিন্ন সময় বেতন-ভাতা বাড়ানো হচ্ছে। এমন অভিযোগ করে অভিভাবক ফোরাম গতকাল শনিবার এক বিবৃতি দিয়েছে।

বিবৃতিতে বলা হয়, শিক্ষকদের নতুন পে-স্কেলের বেতন দেওয়ার কথা বলে গত বছর আগস্ট মাসে ১০০ টাকা হারে ছাত্র বেতন বৃদ্ধি করা হয়েছিল। একই অজুহাতে বর্তমান শিক্ষা বর্ষ জানুয়ারিতে ২০০ টাকা করে ছাত্র বেতন বৃদ্ধি করে আদায় করা হয়। আন্দোলনের ফলে এবং শিক্ষা মন্ত্রণালয়ের হস্তক্ষেপে উক্ত আদায়কৃত টাকা সমন্বয় করা হয়। পুনরায় গত ২৩ সেপ্টেম্বর গভর্নিং বডির সভায় ছাত্র বেতন ২৫০ টাকা হারে বৃদ্ধি করার সিদ্ধান্ত নেয়। এ পর্যায়েও অভিভাবক ফোরাম আন্দোলন গড়ে তোলে; কিন্তু ঢাকা জেলা শিক্ষা অফিসার অনৈতিকভাবে স্কুল কর্তৃপক্ষের বেতন বৃদ্ধির আবেদনে সুপারিশ করে। পরবর্তীতে অতিরিক্ত ঢাকা জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পরীক্ষা করে ১০০ টাকা হারে ছাত্র বেতন কমানো হয়।

অভিভাবক ফোরামের নেতারা বাড়তি ছাত্র বেতন আগামী জানুয়ারি থেকে আদায় করার জন্য কর্তৃপক্ষের নিকট নির্দেশনা দাবি করেন।